গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বামনা, বরগুনা
www.bamna.barguna.gov.bd

## উপজেলা আইন শৃঙ্খলা কমিটির নভেম্বর মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | ঃ | ০৯.১১.২০২০ খ্রিঃ বেলা ১০.০০ ঘটিকা । |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ । |
| সভাপতি | ঃ | বিবেক সরকার, উপজেলা নির্বাহী অফিসার, বামনা । |
| উপস্থিত সদস্যদের হাজিরা | ঃ | পরিশিষ্ট-'ক' । |

সভার শুরুতেই উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় । শুরুতেই বিগত সেপ্টেম্বর মাসের মাসিক সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান হয় এবং তা কোনরূপ সংযোজন, বিয়োজন, পরিমার্জন ও সংশোধনী ছাড়াই দৃঢ়ীকরণ করা হয় । অতঃপর উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনার স্বার্থে সেপ্টেম্বর ও অক্টোবর ২০২০ মাসের নিম্নরূপ তুলনামূলক অপরাধ চিত্র সভায় উপস্থাপন করা হয়ঃ

| | অপরাধ সংখ্যা | | মন্তব্য |
|---|---|---|---|
| | সেপ্টেম্বর ২০২০ | অক্টোবর ২০২০ | |
| ডাকাতি | ০০ | ০০ | |
| দস্যুতা | ০০ | ০০ | |
| সিঁধেল চুরি | ০০ | ০০ | |
| চুরি | ০১ | ০০ | |
| খুন | ০০ | ০০ | |
| খুনের উদ্দেশ্যে গুরুতর আঘাত | ০০ | ০০ | |
| গুরুতর আঘাত | ০০ | ০০ | |
| দাঙ্গা | ০০ | ০০ | |
| অস্ত্র আইন | ০০ | ০০ | |
| নারী ও শিশু নির্যাতন (ধর্ষণ ব্যতিত) | ০০ | ০০ | |
| নারী ও শিশু নির্যাতন (ধর্ষণ) | ০১ | ০০ | |
| অপহরণ | ০০ | ০০ | |
| দ্রুত বিচার আইন, ২০০২ | ০০ | ০০ | |
| চোরাচালান/কালোবাজারি/বিশেষ ক্ষমতা আইন-১৯৭৪ | ০০ | ০০ | |
| মাদকদ্রব্য | ০০ | ০০ | |
| এসিড নিক্ষেপ | ০০ | ০০ | |
| দলিল ও ট্রেডমার্ক, প্রপার্টি মার্ক সম্পর্কিত অপরাধ | ০০ | ০০ | |
| মৃত্যু/আঘাতের ভীতি প্রদর্শন করে বলপূর্বক গ্রহণ | ০০ | ০০ | |
| গর্ভপাত | ০০ | ০০ | |
| সড়ক দূর্ঘটনা | ০০ | ০০ | |
| বিবাহ সম্পর্কিত অপরাধ | ০০ | ০০ | |
| অন্যান্য | ০৪ | ০৪ | |
| মোট= | ০৬ | ০৪ | |

চলমান পাতা-০২

উপরোক্ত অপরাধচিত্র বিশদ পর্যালোচনা করা হয় এবং নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্র/নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, বামনা সভায় জানান, ডৌয়াতলা ইউনিয়নে একটি কিশোর গ্যাং সৃষ্টি হয়েছে। তারা নানান সময় মানুষকে হয়রানি করে থাকে। কয়েকদিন আগে জনাব মোঃ মেজবাহ উদ্দিন নামে একজন মেডিকেল রিপ্রেজেন্টেটিভ ডৌয়াতলা বাজার হয়ে আসার সময় মটর সাইকেল ছিনতাইয়ের উদ্দেশ্য আটক করে। ঘটনাটি বর্তমানে ফেসবুকে ভাইরাল হয়েছে। মেডিকেল রিপ্রেজেন্টেটিভ জনাব মোঃ মেজবাহ উদ্দিন এহেন হয়রানির স্বীকারের বিষয়ে সংবাদ মাধ্যমকর্মী জনাব মনোতোষ হাওলাদার ফেসবুকে পোষ্ট করলে তাকে মুঠোফোনের মাধ্যমে হুমকি প্রদান করা হয়। এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের সদয় দৃষ্টি কামনা করেন। | ডৌয়াতলা বাজারে কিশোর গ্যাংদের চিহ্নিত করে দ্রুত আইনের আওতায় আনতে হবে। | অফিসার ইনচার্জ, বামনা থানা। |
| ২. | চেয়ারম্যান, ১নং বুকাবুনিয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান, এ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তবে বর্তমানে কতিপয় উঠতি বয়সি ছেলেরা মাদকাসক্ত হচ্ছে, যা সমাজের জন্য ভবিষ্যতে মারাত্নক হুমকি বয়ে আনতে পারে। বর্তমানে বুকাবুনিয়া বাজারে কতিপয় অসাধু লোক মাদকের সাথে জড়িত রয়েছে যারা প্রতিনিয়ত মাদক সেবন ও এর ব্যবসা করে থাকে। এদের মধ্যে একজন রয়েছে যার নামের আদ্যাক্ষর "এসপি" নামে পরিচিত। এরকম চিহ্নিত মাদক ব্যবসায়ীদের আইনের আওতায় আনতে পারলে সমাজ থেকে মাদকাসক্ততা অবিলম্বে দূর করা সম্ভব হবে। এছাড়া তিনি আরও বলেন, বর্তমানে স্কুল কলেজ বন্ধ থাকায় রাতের বেলায় ১৪-১৮ বছর বয়সি ছেলেরা রাত ১১-১২ টা পর্যন্ত রাস্তায় বসে আড্ডা দিয়ে থাকে, যাতে করে এদের মধ্যে কুপ্ররোচনার প্রভাব পড়তে পারে। এজন্য এরা যাতে রাত ৮ টার পরে রাস্তায় নামতে না পারে সেদিকে পুলিশি টহল বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য অনুরোধ জানান। | চিহ্নিত মাদকসেবীদের দ্রুত আইনের আওতায় আনা এবং উঠতি বয়সি ছেলেরা যাতে সন্ধ্যার পর ঘরের বাইরে অবস্থান করতঃ রাস্তায় কিংবা দোকানঘাটে আড্ডা দিতে না পারে সেদিকে পুলিশি টহল বাড়াতে হবে। | অফিসার ইনচার্জ, বামনা থানা। |
| ৩. | চেয়ারম্যান, ২নং বামনা ইউনিয়ন পরিষদ, সভায় জানান, পুরাতন বামনা "ছগির চাকর" নামে একজন লোক ও তার স্ত্রী সালমা বেগম একসাথে মাদকের ব্যবসা করে। তারা মাঝে মাঝে গরুও চুরি করে থাকে। এদেরকে দ্রুত আইনের আওতায় আনা দরকার। বেশ কিছুদিন আগে তাদেরকে পুলিশ ধরে বিপুল পরিমাণ গাঁজা উদ্ধার করে। এছাড়া, তিনি আরও বলেন, পুরাতন বামনা বাজারে একটি স্লুইজ রয়েছে যেখান থেকে নদীর মাছ খালের ভিতর প্রবেশ করে। গ্রামের কিছু কিছু অসহায় লোক রয়েছে যারা খালের মাছ ধরে বিক্রি করে সংসার চালায় কিন্তু ছগির চাকর নামে অসাধু ব্যক্তি উক্ত স্লুইজে সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কারেন্ট জাল দিয়ে এমনভাবে মাছ ধরে যার কারনে নদীর কোন মাছই খালের ভিতর ঢুকতে পারে না। এতে একদিকে যেমন সাধারন মানুষ মাছ থেকে বঞ্চিত হচ্ছে তেমনি অনেক অসহায় লোক আর্থিকভাবে সংকটাপন্ন হচ্ছে। এ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | ছগির চাকর ও তার স্ত্রী সালমাকে অবিলম্বে আইনের আওতায় আনতে হবে। | অফিসার ইনচার্জ, বামনা থানা। |
| ৪. | চেয়ারম্যান, ৩নং রামনা ইউনিয়ন পরিষদ সভায় জানান, কয়েকদিন রামনা ইউনিয়নে একটি চিতাবাঘ দেখা যায়। বাঘটি এ যাবৎ ১০/১১ টি ছাগল মেরে ফেলেছে। অতিদ্রুত এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ না করলে যে কোন সময় মানুষের উপর আক্রমন চালাতে পারে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তিনি আরও বলেন, | ক) বন্যপ্রাণী সংরক্ষণ ও নিরোধ আইন ১৯২০ এর আওতায় চিতাবাঘটিকে কিভাবে আটকিয়ে রাখা যায় এ বিষয়ে উপজেলা বন | উপজেলা কৃষি, বন ও মৎস্য কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | কতিপয় জেলে বিভিন্ন জলধারায় জাল ফেলে মাছ ধরে যাতে, জালে শ্যাওলা আটকে গিয়ে পানি নামতে বাধা সৃষ্টি হয় এবং ধানক্ষেতে জলাবদ্ধতা সৃষ্টি হয়। পানি নামতে না পেরে ফসলের অনেক ক্ষতি হচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের সদয় সৃষ্টি কামনা করেন। | কর্মকর্তা, বামনা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন<br>খ) জেলেরা যাতে ধান কাটার পূর্ব পর্যন্ত পানি চলাচলের স্থানে/জলধারায় জাল ফেলে প্রতিবন্ধকতা সৃষ্টি করতে না পাওে সে বিষয়ে উপজেলা মৎস্য ও কৃষি কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| ৫. | চেয়ারম্যান, ডৌয়াতলা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, সাম্প্রতিককালে ডৌয়াতলা ইউনিয়নের কিশোর গ্যাং কর্তৃক সংগঠিত ঘটনাটি আসলেই হতাশাব্যঞ্জক। গতরাত আনুমানিক ৯.০০ টা'র দিকে সাবেক ভাইস চেয়ারম্যান, গোলাম সাব্বির ফেরদৌস তালুকদার তাকে ফোন দেয় এবং তাকে অবহিত করে যে, জনাব মোঃ মেজবাহ উদ্দিন নামে এক মেডিকেল রিপ্রেজেন্টেটিভকে কিশোর গ্যাং কর্তৃক হাইজ্যাকের উদ্দেশ্যে আটক করে। পরবর্তীতে তিনি জানতে পারেন ঐ আটককৃতরা হচ্ছে অলি খানের লোক। মূলতঃ অলিখান এবং তার স্ত্রী সৃষ্টি খান দু'জনেই সন্ত্রাসী প্রবৃত্তির লোক। | ডৌয়াতলা ইউনিয়নের কিশোর গ্যাং নামে কোন কোন যুবকের সংশ্লিষ্টতা রয়েছে তা যাচাই করে দ্রুত আইনের আওতায় আনার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার ইনচার্জ, বামনা থানা। |
| ৬. | জনাব মোঃ মোশাররফ হোসাইন জমাদ্দার, সিনিয়র সহ-সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, বামনা উপজেলা শাখা সভায় বলেন, অত্র উপজেলায় কিশোর গ্যাং সৃষ্টি হওয়া আসলেই সকলের জন্য দুঃখজনক ঘটনা। যেভাবেই হোক এদেরকে শুরুতেই বিনষ্ট করে দিতে হবে নতুবা এরা বাড়তে শুরু করলে শুধু বামনা নয়, সমগ্র জাতির জন্য অভিশাপ স্বরুপ হয়ে দাঁড়াবে। কিশোর গ্যাংকে শুরুতেই বিনষ্ট করার নিমিত্ত দ্রুত আইনের আওতায় নিয়ে আসার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বামনা মহোদয়কে বিনীত অনুরোধ জানান। | কিশোর গ্যাং এর সদস্যদের প্রত্যেককে অবিলম্বে আইনের আওতায় এনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার ইনচার্জ, বামনা থানা। |
| ৭. | অফিসার ইনচার্জ, বামনা থানা, সভায় জানান এ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। তথাকথিত কিশোর গ্যাং নামে যে গ্যাংয়ের কথা বলা হয়েছে তাদের একজনকে সন্দেহমূলকভাবে আটক করা হয়। পরবর্তীতে ছেড়ে দিলেও এর উপর নজর দারি রয়েছে। এর উপর কড়া নজর রেখে পুরো কিশোর গ্যাংকে ধরার চেষ্টা অব্যাহত রয়েছে। এছাড়া অন্য সকল প্রকার অপ্রীতিকর পরিস্থিতি রুখতে আইন-শৃঙ্খলা বাহিনী বদ্ধপরিকর। টহল ব্যবস্থা বাড়ানো হয়েছে। | কিশোর গ্যাংকে সমূলে উৎপাটন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার ইনচার্জ, বামনা থানা। |
| ৮. | ক) সভাপতি তথা উপজেলা নির্বাহী অফিসার, বামনা সভায় জানান, এ উপজেলার আইন-শঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। কিশোর গ্যাংকে নির্মূলের জন্য সকলের সহযোগিতা প্রয়োজন। মাদকের বিরুদ্ধে আরও সোচ্চার হতে হবে। মাদক বিরোধী প্রচারণা জোরদার করতে হবে। মাদকের বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধি করতে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>খ) সভার সভাপতি, উপজেলা নির্বাহী কর্মকর্তা উল্লেখ করেন যে, প্রতিমাসের জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় উপস্থাপনের জন্য থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রতিবেদন প্রেরণ করেন। উক্ত প্রতিবেদনের অনুলিপি/প্রতিলিপি সংশ্লিষ্ট উপজেলা প্রশাসনের নিকট প্রেরণ বাঞ্চনীয়। এমতাবস্থায় ভারপ্রাপ্ত কর্মকর্তা, বামনা, জানান যে, উক্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট উপজেলায় অপরাধ কার্যক্রমের তুলনামূলক প্রতিবেদন প্রতি মাসের ১-৩ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করা হবে। | ক. কিশোর গ্যাং এর কোন সদস্য কোথায় কারো সাথে উৎপীড়ন মূলক কার্যক্রম করছে বা করতে চাচ্ছে এরকম কারো দৃষ্টিগোচর হলে তাৎক্ষণিকভাবে উপজেলা নির্বাহী অফিসার এবং অফিসার ইনচার্জ, বামনা এর মোবাইল ফোনে ভয়েস কল কিংবা এসএমএস এর মাধ্যমে অবহিত করতে হবে। উল্লেখ্য, তথ্য সরবরাহকারীর তথ্য গোপন রাখা হবে।<br>খ. জেলা আইন-শৃঙ্খলা | সংশ্লিষ্ট সকল। |

চলমান পাতা-০৪

| | | | |
|---|---|---|---|
| | | কমিটির নিকট প্রেরিত সংশ্লিষ্ট থানার প্রতিবেদনসহ অপরাধ কার্যক্রমের তুলনামূলক প্রতিবেদন প্রতিমাসের ১-৩ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, বামনা বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | |

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(বিবেক সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইনশৃঙ্খলা কমিটি
বামনা, বরগুনা।

স্মারক নং-০৫.১০.০৪১৯.০০৮.০৫.০০২.১৩-

তারিখঃ ০৯/১১/২০২০ খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১০, বরগুনা-২ ও মুখ্য উপদেষ্টা, বামনা উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, বামনা, বরগুনা।
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, বরগুনা।
৪. পুলিশ সুপার, বরগুনা।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বামনা, বরগুনা ও উপদেষ্টা, বামনা উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, বামনা, বরগুনা।
৬. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বামনা, বরগুনা ও উপদেষ্টা, বামনা উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, বামনা, বরগুনা।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বামনা, বরগুনা ও উপদেষ্টা, বামনা উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, বামনা, বরগুনা।
৮. অফিসার ইন-চার্জ, বামনা থানা, বামনা, বরগুনা।
৯. উপজেলা ........................................ কর্মকর্তা, বামনা, বরগুনা।
১০. চেয়ারম্যান, বুকাবুনিয়া/বামনা/রামনা/ডৌয়াতলা ইউনিয়ন পরিষদ, বামনা, বরগুনা।
১১. অধ্যক্ষ, ................................................................ কলেজ, বামনা, বরগুনা।
১২. প্রধান শিক্ষক, ..................................................................বিদ্যালয়, বামনা, বরগুনা।
১৩. কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, বামনা উপজেলা কমান্ড, বামনা, বরগুনা।
১৪. সভাপতি, উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, বামনা, বরগুনা।
১৫. সভাপতি, বামনা প্রেসক্লাব, বামনা, বরগুনা।
১৬. জনাব ...........................................................

উপজেলা নির্বাহী অফিসার
বামনা, বরগুনা।

পরিশিষ্ট-ক

হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | হাজিরা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | মাননীয় সংসদ সদস্য, ১১০, বরগুনা-২ | অনুপস্থিত | |
| ২. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বামনা | অনুপস্থিত | |
| ৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বামনা | অনুপস্থিত | |
| ৪. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বামনা | অনুপস্থিত | |
| ৫. | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, বামনা | উপস্থিত | |
| ৬. | উপজেলা শিক্ষা কর্মকর্তা, বামনা | উপস্থিত | |
| ৭. | অফিসার ইনচার্জ, বামনা থানা | উপস্থিত | |
| ৮. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বামনা | উপস্থিত | |
| ৯. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বামনা | অনুপস্থিত | |
| ১০. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বামনা | উপস্থিত | |
| ১১. | অধ্যক্ষ, সরকারি বামনা কলেজ | উপস্থিত | |
| ১২. | অধ্যক্ষ, বেগম ফায়জুন্নেসা মহিলা ডিগ্রী কলেজ | অনুপস্থিত | |
| ১৩. | অধ্যক্ষ, বামনা সদর আর রশিদ ফাযিল মাদরাসা | উপস্থিত | |
| ১৪. | প্রধান শিক্ষক, সরকারি সারওয়ারজান পাইলট মডেল উচ্চ বিদ্যালয় | অনুপস্থিত | |
| ১৫. | চেয়ারম্যান, ১নং বুকাবুনিয়া ইউনিয়ন পরিষদ | উপস্থিত | |
| ১৬. | চেয়ারম্যান, ২নং বামনা ইউনিয়ন পরিষদ | উপস্থিত | |
| ১৭. | চেয়ারম্যান, ৩নং রামনা ইউনিয়ন পরিষদ | উপস্থিত | |
| ১৮. | চেয়ারম্যান, ৪নং ডৌয়াতলা ইউনিয়ন পরিষদ | উপস্থিত | |
| ১৯. | জনাব জাহাঙ্গীর হোসেন মোল্লা, সদস্য, জেলা পরিষদ, বরগুনা। | অনুপস্থিত | |
| ২০. | আলহাজ্ব ইউসুফ আলী হাং | অনুপস্থিত | |
| ২১. | প্রধান শিক্ষক, আসমাতুন্নেছা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় | অনুপস্থিত | |
| ২২. | জনাব মোশাররফ হোসাইন জমাদ্দার, রুহিতা, বামনা | উপস্থিত | |
| ২৩. | কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, বামনা উপজেলা কমান্ড | অনুপস্থিত | |
| ২৪. | সভাপতি, উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, বামনা, বরগুনা | অনুপস্থিত | |
| ২৫. | সভাপতি, বামনা প্রেসক্লাব | অনুপস্থিত | |
| ২৬. | জনাব আবুল হোসেন সিকদার, পশ্চিম সফিপুর | অনুপস্থিত | |
| ২৭. | জনাব সোহেলা পারভীন, সদস্য, বামনা সদর ইউনিয়ন পরিষদ | অনুপস্থিত | |
| ২৮. | জনাব দুলু বেগম, সদস্য, ৪নং ডৌয়াতলা ইউনিয়ন পরিষদ | অনুপস্থিত | |
| ২৯. | জনব মোঃ জসীম উদ্দিন পিন্টু, সাধারন সম্পাদক, সাহেব বাড়ী বাজার বণিক সমিতি | উপস্থিত | |